অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/15/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর অর্থ বছর 2020 এর নির্বাহী বাজেটের আর্থিক পরিকল্পনার (FY 2020 EXECUTIVE BUDGET FINANCIAL PLAN) বিস্তারিত সম্পর্কে সর্বশেষ তথ্য জানালেন

আনুমানিক রেভেনিউ হ্রাস সত্ত্বেও বাজেট ভারসাম্যপূর্ণ

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে অর্থ বছর 2020 এর নির্বাহী বাজেটের আর্থিক পরিকল্পনার পরিবর্তনসমূহ ঘোষণা করলেন, যার মধ্যে রয়েছে পুনরায় করা এস্টিমেট ও সংশোধন। এস্টিমেট করা কর রশিদ নিচের দিকে পুনর্বিবেচনা করা হয়েছে 2018 সালের ডিসেম্বর ও 2019 সালের জানুয়ারি মাসের অপেক্ষাকৃত কম ব্যক্তিগত কর সংগ্রহের ফলে। নিম্নমুখী পুনর্বিবেচনার কারণ অনুমান করা সাধারণ তহবিল (General Fund) বিতরণ হ্রাস ও বিদ্যমান সংস্থানের ব্যবহার।

"ফেডারেল সরকারের রাজনৈতিকভাবে অনুপ্রাণিত স্টেট ও স্থানীয় কর ডিডাকটিবিলিটির পরিবর্তনের কারণে নিউ ইয়র্ক ইতিমধ্যে 2.6 বিলিয়ন মার্কিন ডলার হারিয়েছে", **গভর্নর কুওমো বলেছেন।** "লাল স্টেটসমূহের সুবিধার জন্য অর্থনীতির কাঠামো পরিবর্তন করে ওয়াশিংটন অর্থনৈতিক গৃহযুদ্ধ অব্যাহত রেখেছে, তাই আমরা নিউ ইয়র্কের অর্থ ইন্টেগ্রিটি সুরক্ষিত রাখতে ও শক্ত আর্থিক পরিকল্পনা বজায় রাখতে পদক্ষেপ নিচ্ছি।"

আর্থিক পরিকল্পনার পুনর্বিবেচনায় থাকছে ব্যক্তিগত আয়কর সংগ্রহের দুই বছরে 3.8 বিলিয়ন মার্কিন ডলার নিম্নমুখী পুনঃ এস্টিমেট, যার মধ্যে রয়েছে অর্থ বছর 2019 এর 2.6 বিলিয়ন মার্কিন ডলার এবং অর্থ বছর 2020 এর 1.2 বিলিয়ন মার্কিন ডলার। বিশেষ করে, ব্যক্তিগত আয়করের এস্টিমেট করা উপাদান বর্তমান বছরে কমে দাঁড়িয়েছে 2.3 বিলিয়ন মার্কিন ডলার এবং অর্থ বছর 2020 এর জন্য 900 মিলিয়ন মার্কিন ডলার, এবং প্রতিসংহার উপাদান এই বছর ও আগামী বছরে যথাক্রমে কমবে 261 মিলিয়ন মার্কিন ডলার ও 344 মিলিয়ন মার্কিন ডলার। হ্রাসের প্রভাব পুরো বছরগুলির আর্থিক পরিকল্পনাতে বিবেচনা করা হয়েছে, যা উভয় উপাদানের নিম্ন বেজের সাথে সামঞ্জস্যপূর্ণ। এস্টিমেট করা করের পতন করদাতার ব্যবহারে পরিবর্তনের প্রতিফলন যার মধ্যে রয়েছে 2017 সালের কর কর্তন ও চাকরি আইনের (Tax Cuts and Jobs Act of 2017) প্রতিক্রিয়ায় সরে যাওয়ার প্যাটার্ন।

আপডেট করা পরিকল্পনাটি অর্থ বছর 2019 এবং অর্থ বছর 2020 উভয়ের সাথে ভারসাম্যপূর্ণ। ব্যক্তিগত আয়কর রশিদের হ্রাস ও নতুন একটি শ্রম চুক্তির খরচের মূল কারণ নতুন প্রস্তাবনা ও প্রশাসনিক কর্মকাণ্ডের মিশ্রণ।

অর্থ বছর 2019 এর জন্য স্টেট পরিচালনার তহবিল (State Operating Funds) বিতরণ এস্টিমেট করা হচ্ছে 100.1 বিলিয়ন মার্কিন ডলার, এবং অর্থ বছর 2020 এর জন্য 102 বিলিয়ন মার্কিন ডলার, যা উভয় বছরের জন্য বার্ষিক 2 শতাংশ ব্যয় বৃদ্ধির বেঞ্চমার্কের সাথে সামঞ্জস্যপূর্ণ।

"ফেডারেল কর পরিবর্তনের ফলে আর্থিক পরিকল্পনায় বড় ধরনের ব্যাঘাত সৃষ্টি হয়েছে", **বললেন স্টেটের বাজেট পরিচালক রবার্ট এফ. মিউজিকা জুনিয়র।** "নির্বাহী বাজেটে সংশোধনগুলি এবং আর্থিক পরিকল্পনার পুনর্বিবেচনা দ্বারা আমরা এই হুমকি যথাযথ গুরুত্বের সাথে দেখছি।"

অর্থ বছর 2019 নির্বাহী বাজেটের সকল বিধান ও বর্ণনা সংশোধন এবং আপডেট করা আর্থিক পরিকল্পনা দেখা যাবে নিউ ইয়র্ক স্টেট বাজেট বিভাগের (New York State Division of the Budget) ওয়েবসাইটে।

আর্থিক পরিকল্পনার মুখ্য পরিবর্তনগুলি নিম্নরূপঃ

- অতিরিক্ত মিলিয়ন মার্কিন ডলার সাধারণ তহবিল ত্রাণ সৃষ্টির জন্য মেডিকেইড (Medicaid) কর্মসূচিতে তিনটি পদক্ষেপ অগ্রসর করা হয়েছে। প্রথমত, স্বাস্থ্যসেবা রূপান্তর তহবিল (Health Care Transformation Funding) যা এখনো বিতরণ করা হয়নি, আবাসন সেবার জন্য পুনর্নিয়োগ করা হবে। দ্বিতীয়ত, প্রধান স্বেচ্ছাসেবক হাসপাতাল সিস্টেমের (Major Voluntary Hospital Systems) শক্ত ব্যালেন্স শিটের প্রতিফলন হিসেবে ইন্ডিজেন্ট কেয়ার পেমেন্ট (Indigent Care Payments) হ্রাস করা হবে। তৃতীয়ত, মেডিকেইড প্রদানকারীর পুনর্বিতরণে বোর্ড-জুড়ে হ্রাস প্রস্তাবনা করা হয়েছে, যার মধ্যে তুলনামূলক সংরক্ষণের বিকল্পন চেষ্টা অন্তর্ভুক্ত হতে পারে। হ্রাস হবে আনুমানিক 0.8 শতাংশ এবং এটির ফলে ফেডারেল আইন দ্বারা আবশ্যক পেমেন্ট (যেমন, ফেডারেল দ্বারা উপযুক্ত স্বাস্থ্যকেন্দ্র, হস্পাইস) বা মানসিক পরিচ্ছন্নতা আইনের অধীনে অনুমোদিত সরাসরি পেমেন্ট প্রভাবিত হবে না।

- এছাড়াও গভর্নর স্বাস্থ্য অধিদপ্তরকে (Department of Health) মেডিকেইড রিডিজাইন দল (Medicaid Redesign Team, MRT) সমবেত করার আহ্বান করেছেন মেডিকেইড কর্মসূচি ব্যাপকভাবে মূল্যায়ন করার জন্য এবং মানসম্পন্ন সাশ্রয়ী মেডিক্যাল সেবা প্রদান উন্নত ওতে ও মেডিকেইড গ্লোবাল ক্যাপের (Medicaid Global Cap) দীর্ঘমেয়াদি অর্থ শর্ত স্থায়ী করতে সুপারিশ প্রদানের জন্য। MRT তে থাকবে স্বাস্থ্যসেবা শিল্পের নেতৃবৃন্দ ও স্টেটের স্টেকহোল্ডাররা এবং এরা মূল্যায়ন করার জন্য ও গভর্নরকে সুপারিশ প্রতিবেদন প্রদান করার জন্য এই বছর সমবেত হবে। পুনর্বিবেচনার বিষয়ের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে কিন্তু এতে সীমাবদ্ধ থাকবে না: দুঃস্থ জনগণের প্রয়োজন বিবেচনা করা, বর্তমান ফেডারেল ল্যান্ডস্কেপ এর উত্তর, সাশ্রয়ী স্বাস্থ্য বীমা কভারেজ ও পাওয়ার সুযোগ বৃদ্ধি করা সংক্রান্ত মূল্যায়ন, আমাদের দীর্ঘমেয়াদি স্বাস্থ্যসেবা টেকসই করা এবং আর্থিক ভাবে ঝামেলাপূর্ণ স্বাস্থ্যসেবা প্রদানকারীদের স্থিতিশীলতা দান করা।

- আর্থিক পরিকল্পনায় থাকবে কারাগারে জনসংখ্যা কমার ফলে অতিরিক্ত ধারণক্ষমতা কমাতে তিনটি পর্যন্ত কারাগার বন্ধ করে দেওয়ার ফলে যেই অর্থ সংরক্ষিত হবে।

- নির্বাহী বাজেট সংশোধনে থাকবে স্টেটের অর্থ ইন্টেগ্রিটি রক্ষা করতে বিধান যার ফলে বাজেট প্রণয়নের পর অর্থ প্রভাব ফেলতে পারে এমন বিল পাশ করতে হলে তার সাথে বিলের খরচের পরিকল্পনা যুক্ত করতে হবে।

- নির্বাহী বাজেটে সংশোধনের ফলে এটি নিশ্চিত হবে যে মিউনিসিপ্যালিটির জন্য সহায়তা ও ইনসেনটিভ (Aid and Incentives to Municipalities, AIM) কর্মসূচির পরিবর্তনের জন্য যাতে টাউন ও

গ্রামগুলির উপর বিরূপ প্রভাব না পড়ে। ইন্টারনেট কর সুবিধা বাতিলের ফলে লভ্য অতিরিক্ত বিক্রয় কর রেভিনিউ ব্যবহার করে অপেক্ষাকৃত দুর্বল মিউনিসিপ্যালিটিগুলির AIM হ্রাসের পর টাউন ও গ্রামগুলিকে সম্পূর্ণ রাখতে প্রস্তাবনাটি কাউন্টিগুলিকে নির্দেশ দিবে। এছাড়া স্থানীয়রা যাতে এই অতিরিক্ত সংস্থান অপেক্ষাকৃত দ্রুত পেতে পারে তা নিশ্চিত করতে, স্টেট ইন্টারনেট বিক্রয় কর আবশ্যকতা দ্রুত বাস্তবায়ন করবে, যা হবে নির্বাহী বাজেটে প্রস্তাবিত মূল তারিখ 1 সেপ্টেম্বরের পরিবর্তে এই বছরের 1 জুন থেকে।

- নির্বাহী বাজেটের সাথে সামঞ্জস্য রেখে এবং ফেডারেল কর সংশোধনের ফলে স্টেট রেভিনিউ এর অনিশ্চয়তার প্রতিফলন হিসেবে, আর্থিক পরিকল্পনায় বিপদের সময়ের সঞ্চয় (Rainy Day Reserves) হিসেবে 250 মিলিয়ন মার্কিন ডিপোজিট থাকছে, যা দুইটি পরিকল্পিত ডিপোজিটের প্রথমটি।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন